

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৯৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

আরবী

وَعَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ: كَانَ رَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ اللّهَ وَمَلَائِكَتَهُ يُصِلُّونَ عَلَى الَّذِينَ يَلُونَ الصُّفُوفَ الْأُولَى وَمَا مِنْ خُطْوَةٍ أَحَبُّ إِلَى اللّهِ من خطوة يمشيها يصل العَبْد بهَا صفا» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

১০৯৫-[১১] বারা ইবনু 'আযিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করতেনঃ যেসব ব্যক্তি প্রথম কাতারের নিকটবর্তী গিয়ে পৌঁছে তাদের ওপর আল্লাহ তা'আলা অনুগ্রহ করেন ও তাঁর মালায়িকাহ্ (ফেরেশতারা) তাদের জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে। আর আল্লাহ তা'আলার কাছে তার কদমের চেয়ে ভাল কোন কদম নেই যে লোক হেঁটে কাতারের খালি স্থান পূরণ করে। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ লিগায়রিহী : আবু দাউদ ৬৭১, সহীহ আতৃ তারগীব ৫০৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে সালাতের প্রথম কাতারগুলোর উপর মালায়িকাহ'র (ফেরেশতাগণের) দু'আ ও আল্লাহর রহমাত অবতীর্ণ হওয়ার শিক্ষা নেয়া যায়। প্রথম কাতারের মুসল্লীগণ তাদের অগ্রগামীতার দিকে লক্ষ্য করে সাওয়াব পাবে। তবে শেষ কাতারে উপস্থিত মুসল্লী এ বিশেষ রহমাত থেকে বঞ্চিত হবে। আরও শিক্ষা নেয়া যেতে পারে মুসল্লীগণ দুনিয়াতে যে পদচারণা করে থাকে তার মাঝে আল্লাহর কাছে সর্বাধিক প্রিয় পদচারণা হচ্ছে মুসল্লী জামা'আতে উপস্থিত হওয়ার জন্য যে পদচারণা করে থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন